যুগান্তর

তারিখ 21 OCT 2002
পৃষ্ঠা ৭ কলাম ৪

# চবিতে ছাত্রলীগের অবরোধ কর্মসূচি প্রত্যাহার

**চট্টগ্রাম ব্যুরো**

ছাত্রলীগ বিশ্ববিদ্যালয়ে লাগাতার অবরোধ কর্মসূচি স্থগিত-ঘোষণা করেছে। শনিবার রাতে উপাচার্যের সঙ্গে ছাত্রলীগের নেতৃবৃন্দের আলোচনার পরিপ্রেক্ষিতে ছাত্রলীগ দেড় মাসের জন্য এ কর্মসূচি স্থগিত করার সিদ্ধান্ত নেয়। উপাচার্য আগামী এক মাসের মধ্যে ছাত্রলীগের ১১ দফা দাবি পূরণের আশ্বাস দিয়েছেন।

এ ঘোষণা সত্ত্বেও গতকাল রোববার ক্যাম্পাসে স্বাভাবিক কর্মচাঞ্চল্য ফিরে আসেনি। বিভিন্ন বিভাগে পরীক্ষা হলেও ক্লাসে খুব অল্পসংখ্যক শিক্ষার্থী উপস্থিত থাকে। শাটল ট্রেন ও অন্যান্য যানবাহন স্বাভাবিকভাবে ক্যাম্পাস ও শহরের মধ্যে চলাচল করে।

বিশ্ববিদ্যালয় খোলার পর একাডেমিক কার্যক্রমের দ্বিতীয় দিনে গতকাল ক্যাম্পাসে বিভিন্ন রাজনৈতিক দলের ছাত্র সংগঠনের নেতাদেরও তেমন দেখা যায়নি।